



প্রধানমন্ত্রীর সঙ্গে রোসাটম মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ



রোসাটমের মহাপরিচালক আলেক্সি লিখাচেভ সাথে প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাশিয়ার রাষ্ট্রীয় পরমাণু শক্তি সংস্থা রোসাটমের মহাপরিচালক আলেক্সি লিখাচেভ প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে দুই দেশের জ্বালানি সহযোগিতা এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে রোসাটমের পক্ষ থেকে রূপপুর প্রকল্পের সর্বশেষ পরিস্থিতি তুলে ধরা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যেই কাজ শেষ করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়। প্রকল্পের বাস্তবায়ন প্রক্রিয়া ও অগ্রগতির বিভিন্ন দিকও প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করা হয়। এ সময় জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে দীর্ঘমেয়াদি কৌশলগত সহযোগিতা আরও জোরদারের ওপর গুরুত্ব দেওয়া হয়। প্রধানমন্ত্রী দেশের উন্নয়ন অগ্রযাত্রায় রাশিয়ার প্রযুক্তিগত সহায়তার প্রশংসা করেন। বৈঠকে পারমাণবিক জ্বালানি ব্যবস্থাপনা, নিরাপত্তা ব্যবস্থা এবং সংশ্লিষ্ট কারিগরি দক্ষতা উন্নয়নের বিষয়েও আলোচনা হয়। এতে পররাষ্ট্রমন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা উপস্থিত ছিলেন। রাশিয়ার পক্ষ থেকে ঢাকায় নিযুক্ত রাষ্ট্রদূতসহ উর্ধ্বতন কর্মকর্তারা অংশ নেন।